

‘বিকাশ পে লেটার’, গ্রাহকদের জন্য সুখবর

- A Monitor Desk Report

Date: 23 March, 2025



ঢাকাঃ বিকাশ পে লেটার সেবা ব্যবহার করে গ্রাহকদের জন্য স্মার্টফোন কেনার সুবিধা চালু করতে দেশের বৃহত্তম এমএফএস সেবাদাতা প্রতিষ্ঠান বিকাশের সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করেছে সিটি ব্যাংক পিএলসি ও সেলেক্সট্রা লিমিটেড।

এ অংশীদারত্বের ফলে গ্রাহকরা এখন ‘বিকাশ পে লেটার’ সেবা ব্যবহার করে সহজ কিস্তিতে নিজেদের পছন্দের নকিয়া স্মার্টফোন কিনতে পারবেন। এ ক্ষেত্রে অর্থায়ন করবে সিটি ব্যাংক এবং ডিভাইসের প্রাপ্যতা নিশ্চিত করবে বাংলাদেশে নকিয়া ও এইচএমডি মোবাইলের ন্যাশনাল ম্যানুফ্যাকচারার ও ডিস্ট্রিবিউটর সেলেক্সট্রা লিমিটেড।

সম্প্রতি আয়োজিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিকাশের সিসিও আলী আহম্মেদ, সিটি ব্যাংকের ডিএমডি ও হেড অব রিটেইল ব্যাংকিং অরুপ হায়দার, সেলেক্সট্রা লিমিটেডের এমডি রিয়াজুল ইসলাম এবং এইচএমডি গ্লোবালের কান্ট্রি ম্যানেজার কাজি আল আমিন।

এ অংশীদারত্ব আর্থিক অন্তর্ভুক্তির অগ্রগতি ও আধুনিক মোবাইল প্রযুক্তির সহজলভ্যতা বৃদ্ধির ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলক বলে মনে করেন সংশ্লিষ্টরা।

-B